

বাংলাদেশের ডিফেন্স সার্ভিস কমান্ড ও স্টাফ কলেজের একটি প্রতিনিধি দলের ব্যাংককে  
বাংলাদেশ দূতাবাস পরিদর্শন

ব্যাংকক, ১৮ সেপ্টেম্বর ২০২৩

বাংলাদেশের ডিফেন্স সার্ভিস কমান্ড ও স্টাফ কলেজের একটি প্রতিনিধি দল আজ ব্যাংককস্থ বাংলাদেশ দূতাবাস পরিদর্শন করেন। এ সময় তারা থাইল্যান্ডে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত জনাব মোঃ আব্দুল হাই- সাথে থাইল্যান্ড ও বাংলাদেশের মধ্যে বিবদমান প্রতিরক্ষা বিষয়ক সহযোগিতা সহ বিভিন্ন বিষয়ে আলোচনা করেন। মান্যবর রাষ্ট্রদূত উক্ত প্রতিনিধি দলকে মধ্যাহ্ন ভোজের আমন্ত্রণ জানান।

প্রতিনিধি দলটি গতকাল ১৬ সেপ্টেম্বর ২০২৩ তারিখে ব্যাংককে এসে পৌঁছায়। ডিফেন্স সার্ভিস কমান্ড ও স্টাফ কলেজের ৩৫ জন সদস্য বিশিষ্ট মূলত শিক্ষার্থীর সমন্বয়ে গঠিত এ প্রতিনিধিদলে বিশ্বের নয়টি দেশ থেকে আগত শিক্ষার্থী ও পাঁচজন শিক্ষক রয়েছেন। বাংলাদেশ দূতাবাস ব্যাংককের সমন্বয় সাধনে থাইল্যান্ড সরকারের প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আয়োজনে এ সফর অনুষ্ঠিত হচ্ছে। থাইল্যান্ড সফরকালে এ প্রতিনিধি দল সফরকালে থাইল্যান্ডের কমান্ড ও জেনারেল স্টাফ কলেজ,, থাইল্যান্ডের জাতীয় প্রতিরক্ষা শিক্ষা ইনস্টিটিউট, প্রতিরক্ষা প্রযুক্তি ইনস্টিটিউট, রয়েল থাই আর্মি মিউজিয়ামসহ প্রতিরক্ষা বিষয়ক বিভিন্ন স্থাপনা পরিদর্শন করবে।

থাইল্যান্ডে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত জনাব মোঃ আব্দুল হাই প্রতিনিধি দলের উদ্দেশ্যে সংক্ষিপ্ত বক্তব্যে থাইল্যান্ড ও বাংলাদেশের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্কের বিভিন্ন বিষয় তুলে ধরেন। তিনি বলেন, বাংলাদেশ থাইল্যান্ডকে দক্ষিণ এশিয়ার পার্শ্ববর্তী বন্ধু-প্রতিম দেশ হিসেবে বিশেষ গুরুত্ব দিয়ে থাকে। তাই প্রতিরক্ষা ক্ষেত্রেও প্রণিধানযোগ্য দ্বিপাক্ষিক সম্পর্ক বিরাজমান। নিয়মিতভাবে বিভিন্ন প্রতিরক্ষা প্রশিক্ষণে থাইল্যান্ড বাংলাদেশকে আমন্ত্রণ জানায় এবং বাংলাদেশের সেনা, নৌ ও বিমানবাহিনীর বিভিন্ন পর্যায়ের সদস্যরা এ ধরনের প্রশিক্ষণে অংশগ্রহণ করে থাকেন। বাংলাদেশ ও থাইল্যান্ডকে বিভিন্ন প্রশিক্ষণে আমন্ত্রণ জানায়। তিনি দশটি দেশের প্রশিক্ষার্থী সম্বলিত এ প্রশিক্ষণ দলের থাইল্যান্ড সফরের সাফল্য কামনা করেন।

বাংলাদেশ দূতাবাসের এই আয়োজনের জন্য ডিফেন্স সার্ভিস কমান্ড ও স্টাফ কলেজের প্রতিনিধি দলের পক্ষ থেকে কর্নেল মোঃ কামরুল হাসান মান্যবর রাষ্ট্রদূত ও সংশ্লিষ্ট দূতাবাসের সকল কর্মকর্তাকে ধন্যবাদ জানান। তিনি আশা করেন প্রশিক্ষার্থীদের থাইল্যান্ডের বিভিন্ন প্রতিরক্ষা স্থাপনা পরিদর্শন তাদের জ্ঞানকে সমৃদ্ধ করবে এবং তা শুধুমাত্র বাংলাদেশের নয়, সহপ্রশিক্ষার্থী নয়টি দেশের বিভিন্ন পর্যায়ের প্রতিরক্ষা দলের সদস্যদের জ্ঞানের ভান্ডারকে সমৃদ্ধ করবে।

অনুষ্ঠানে বাংলাদেশ দূতাবাস ব্যাংককের মিনিস্টার (কনস্যুলার) জনাব হাসনাত আহমেদ এবং দূতাবাসের কাউন্সেলর ও দূতালয় প্রধান জনাব মোঃ মাসুমুর রহমান উপস্থিত ছিলেন।

